

এআইইউবি  
সমাবর্তনে  
সনদ পেলেন  
২৫৪৭ জন

আমেরিকান ইন্টারন্যাশনাল  
ইউনিভার্সিটি-বাংলাদেশ

(এআইইউবি)-এর ২২তম সমাবর্তন  
শনিবার বিশ্ববিদ্যালয়ের নিজস্ব  
ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। রাষ্ট্রপতি ও  
বিশ্ববিদ্যালয়ের চ্যানেলের মো.  
সাহাবুল্লিনের সম্মতিগ্রহণে অর্থ  
মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি  
মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. সালেহউদ্দিন  
আহমেদ সমাবর্তন অনুষ্ঠানে  
সভাপতিত্ব ও গ্র্যাজুয়েটদের মাঝে  
সনদ বিতরণ করেন। সমাবর্তনে বিভিন্ন  
অনুষ্ঠদের মোট দুই হাজার ৫৪৭ জন  
শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোভর ডিগ্রি  
দেওয়া হয়েছে।

বিশেষ অতিথি হিসাবে বজ্রব্য রাখেন  
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঙ্গুরি  
কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান  
অধ্যাপক ড. এসএমএ ফায়েজ।  
সমাবর্তন বজ্রব্য হিসাবে উপস্থিত ছিলেন  
বিশিষ্ট লেখক ও বাংলা একাডেমি  
সাহিত্য পুরস্কারপ্রাপ্ত অধ্যাপক ড.  
সলিমুজ্জাহ খান। সমাবর্তন অনুষ্ঠানে  
আরও বজ্রব্য রাখেন এআইইউবির  
ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও প্রতিষ্ঠাতা  
সদস্য নাদিয়া অনোয়ার,  
এআইইউবি'র উপাচার্য অধ্যাপক ড.  
সাইফুল ইসলাম এবং উপ-উপাচার্য  
অধ্যাপক ড. মো. আব্দুর রহমান।  
অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন  
এআইইউবির প্রতিষ্ঠাতা সদস্য ড.  
হাসানল আবেদীন হাসান, ইশতিয়াক  
আবেদীন প্রমুখ। সংবাদ বিভাগে।